ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০১৭
তেলিয়ামুড়া, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

# তেলিয়ামুড়ায় লোক কল্যাণ মেলা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পের আওতায় আজ তেলিয়ামুড়া পুর পরিষদ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় লোক কল্যাণ মেলা। ক্ষুদ্র ব্যবসায়ী, ফেরিওয়ালা, হকার ও ফুড স্ট্রিট ভেন্ডারদের আর্থ-সামাজিক মান উন্নয়ন ও আত্মনির্ভরতার পথ সুগম করাই এই মেলার মূল উদ্দেশ্য। অনুষ্ঠানের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। উপস্থিত ছিলেন ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণ এবং পুর পরিষদের উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার। মেলায় ক্ষুদ্র ব্যবসায়ী ও ফুড স্ট্রিট ভেন্ডারগণ অংশগ্রহণ করেন। এদিন মেলায় ঋণ আবেদন অনুমোদন, ডিজিটাল অনবোর্ডিং, ব্যাংক সংযোগ, সামাজিক সুরক্ষা প্রকল্পে অন্তর্ভুক্তকরণ, স্বাস্থ্য শিবির ও খাদ্য ব্যবসায়ীদের জন্য স্বাস্থ্য-পরিচ্ছন্নতা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। পাশাপাশি নতুন বিষয়ে ভেন্ডারদের নাম নিবন্ধন করা হয়। অনুষ্ঠানে অতিথিগণ তাদের বক্তব্যে প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পের সুফল তুলে ধরে ক্ষুদ্র উদ্যোক্তাদের আত্মনির্ভর ভারত গড়ার প্রয়াসে সক্রিয়ভাবে এগিয়ে আসার আহ্বান জানান।

*****